ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব-৬ এর মাদক বিরোধী অভিযানে শৈলকুপা থানাধীন ভাটই এলাকা হতে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

র্যাবের প্রেস নোট থেকে জানা যায়, গত ০২ জানুয়ারি রাত ৪ টা ১০ মিঃ সময় গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-২, র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল স্কোয়াড কমান্ডার এএসপি এইচ. এম. শফিকুর রহমান এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনার নিমিত্তে গমন করেন।

পরবর্তীতে ০২ জানুয়ারী ২০২১ ইং তারিখ রাত ৪ টা ৫০ মিনিটে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন ভাটই বাজারস্থ নাসির মেশিনারীজ নামক দোকানের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে চুয়াডাঙ্গা জেলার সদর থানার রুপছায়া হল পাড়ার মোঃ আবুল কাশেম এর ছেলে মোঃ আকবর আলী (২৬) কে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়।

পরবর্তীতে উক্ত উদ্ধারকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারার মামলা করা হয়।

মুজিবনগরে পিঠা উৎসব

আবহমান গ্রাম বাংলার ঐতিহ্যের বড় অংশ দখল করে আছে পিঠা। শীত মানেই বাড়ি বাড়ি পিঠাপুলি তৈরী ও খাওয়ার ধুম পড়ে যায়।

সেই আনন্দ সকলের মাঝে ছড়িয়ে দিতে মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসের আয়োজনে হয়ে গেল পিঠা উৎসব। প্রচলিত বিভিন্ন পিঠা প্রদর্শন ছাড়াও নতুন নতুন পিঠা তৈরী করে উৎসবে শরীক হয় ৪ টি ইউনিয়নের পল্লী মাতৃকেন্দ্র।

রবিবার দুপুর ৩টার দিকে এ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

এ সময় মুজিবনগর কমপ্লেক্স শিশু পরিবারের এডি শেখ ফারুক হোসেন, মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলামসহ বিভিন্ন অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাজসেবা অফিন প্রাঙ্গণে আয়োজিত এ উৎসবে শ্রেণি ভিত্তিক পৃথক স্টলে পিঠার ডালি সাজায় পল্লী মাতৃকেন্দ্রের সদস্যরা। ভাপা, পাটিসাপটা, পাকান, দুধপুলি, দুধসর, সরু, কুলি ও চিতই পিঠাসহ বিভিন্ন ধরনের পিটা প্রদর্শন করে। আয়োজন নিয়ে উচ্ছসিত ছিলেন অংশগ্রহণকারীরা।

শীতের পিঠা উৎসব নিয়ে সন্তোষ প্রকাশ করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার বলেন, উপজেলা সমাজসেবা অফিস এ ধনেরর সুন্দর একটি উৎসবের আয়োজন করায় আমরা সকলেই আনন্দিত। এ ধরনের আয়োজন প্রতি বছরই করা দরকার। গ্রাম বাংলার ঐতিহ্য ধরে রাখতে পিঠা উৎসব গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

দৌলতপুরের চরাঞ্চলের দুটি ইউনিয়নে বিদ্যুৎ সংযোগ উদ্বোধন

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার পদ্মা পাড়ের দুটি ইউনয়নে বহু আকাক্ষিত পল্লী বিদ্যুতের সংযোগ উদ্বোধন করা হয়েছে।

রবিবার বেলা ১১ টার দিকে সুইচ টিপে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন দৌলতপুর আসনের সংসদ সদস্য আ ক ম সরওয়ার জাহান বাদশাহ।

এর ফলে রামকৃঞ্চপুর ও চিলমারী ইউনিয়নের পদ্মাপাড়ের ১৩ হাজার পরিবারের প্রায় ৫০ হাজার মানুষ এই প্রথম বিদ্যুৎ ব্যবহারের সুযোগ পেল এবং উপজেলার ১৪ ইউনিয়নের সবগুলো ইউনিয়ন বিদ্যুৎ

সুবিধার আওতাভুক্ত হলো।

রামকৃঞ্চপুর ইউনিয়নের ভাগজোত সংলগ্ন পদ্মার তীরে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট এজাজ আহমেদ মামুন।

রামকৃঞ্চপুর ইউনিয়নের চেয়ারম্যান সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে চিলমারী ইউপির সাবেক চেয়ারম্যন সাইফুল ইসলাম শেলী দেওয়ান, টিপু নেওয়াজ সহ কুষ্টিয়া পল্লী বিদ্যুতের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

গাংনীর অন্ধ পারেছা পেল আর্থিক সহায়তা

বিভিন্ন পত্রপত্রিকা আর টেলিভিশনে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনী উপজেলার অন্ধ পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ। রবিবার বেলা ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অন্ধ পরিবারের হাতে নগদ টাকা প্রদান করা হয়। সেই সাথে শীত রিবারনের জন শীতবস্ত্র দেয়া হয় অসহায় এ পরিবারকে।

‘ ‘পরিবারের ছয় প্রতিবন্ধী নিয়ে অন্ধ গৃহবধু পারেছার জিবন যুদ্ধ’’ এমন সংবাদ প্রচারিত হলে বিভিন্ন সংগঠন ও দানশীল ব্যক্তিরা এই পরিবারের দিকে নজর দিতে শুরু করেন। দৈনিক মেহেরপুর প্রতিদিনসহ বিভিন্ন গণমাধ্যমে সংবাদ দেখে নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকার এক জনৈক ব্যাক্তি নগদ ১০ হাজার টাকা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ওই পরিবারের হাতে তুলে দেন।

মেহেরপুরের গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের বুদ্ধি প্রতিবন্ধী শাহিনের স্ত্রী দৃষ্টি প্রতিবন্ধী পারেছা খাতুন। স্বামি, মানসিক ভারসাম্যহীণ ননদ বৃদ্ধ অন্ধ মা রঙ্গিলা আর দৃষ্টি প্রতিবন্ধী দুই সন্তানকে নিয়ে তার পাঁচ জনের সংসার। স্ত্রী পারেছার চোখের আলো না থাকলেও মনের আলোয় পথ চলা শুরু করে সে।

স্বামি শাহিনকে কামলার কাজে পাঠিয়ে আবার সাথে করে নিয়ে আসে বাড়িতে। বুদ্ধি প্রতিবন্ধী হওয়ায় শাহিনের মজুরি দেয়া হয় অর্ধেক। এই সামান্য টাকা দিয়ে সংসার চালানো অত্যন্ত কষ্টসাধ্য হওয়ায় শুরু করে ছাগল ও হাঁস মুরগি পালন। অল্প দিনেই কিছুটা স্বস্তি আসে সংসারে।

বছর খানেক পরে অনেক আশা নিয়ে সন্তান গর্ভে ধারণ করলেও বিধি বাম। পরপর দুটি সন্তান হয় দৃষ্টি প্রতিবন্ধী। শুরু হয় তাদের অভিশপ্ত জিবন সংগ্রাম। তবুও হাল ছাড়েনি পারিছা। ভিক্ষাবৃত্তি না করে পরিশ্রম করে খেয়ে না খেয়ে সংসার সংগ্রামে লিপ্ত রয়েছেন। নিজের হাতে সংসারের সব কাজ করতে হয় তাকে। রান্না বান্না, সন্তানদের গোসল করানো খাওয়ানো ছাড়াও সংসারের সব কাজই করেন নিপুণ হাতে।

স্বামি স্ত্রী দুজনই বাঁধাগ্রস্ত হওয়ায় তাদের মাথা গোজার ঠাঁইও ছিল না। স্থানীয় ও প্রবাসী কয়েকজন যুবক কোন রকম থাকার ঘরটি ঠিক করে দিয়েছে। আগামীতে দৃষ্টিহীণ এই দুই সন্তানের কী হবে এটা ভেবে কুল পান না পারেছা। তবুও এগিয়ে যাবার স্বপ্ন।

দক্ষিণ আফ্রিকায় ডাকাতের গুলিতে বাংলাদেশি ব্যবসায়ী নিহত

দক্ষিণ আফ্রিকায় ডাকাতের গুলিতে নজরুল ইসলাম নামের এক বাংলাদেশি ব্যবসায়ী নিহত হয়েছেন।

স্থানীয় সময় গতকাল শনিবার (২ জানুয়ারি) সন্ধ্যায় দেশটির নর্থ ওয়েস্ট প্রদেশের ক্লার্সড্রপ শহরসংলগ্ন এলাটন এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত নজরুলের বাড়ি নোয়াখালীতে। তিনি দক্ষিণ আফ্রিকার ক্লার্সড্রপ শহরে একটি দোকান পরিচালনা করতেন।

জানা গেছে, শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে একদল ডাকাত নজরুলের দোকানে প্রবেশ করলে নজরুল তাদেরকে বাধা দেন। ডাকাতদলের সদস্যরা

নজরুলের কপালে তিন রাউন্ড গুলি করলে ঘটনাস্থলেই নিহত হন তিনি।

ভাসানচরে রোহিঙ্গা স্থানান্তরে প্রশংসা করল ওমান

বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মধ্যে কিছু সংখ্যক রোহিঙ্গাকে ভাসানচরে স্থানান্তর করায় বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেছেন ঢাকাস্থ ওমান দূতাবাসের মিশন প্রধান তায়েব সেলিম আবদুল্লাহ আল আলাবি। একই সঙ্গে ভাসানচর বসবাসের অনুকূল এবং নিরাপদ বলে জানিয়েছেন তিনি।

শনিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তিনি বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনের সঙ্গে তার সরকারি বাসভবনে বিদায়ী সাক্ষাৎকালে এ প্রশংসা ব্যক্ত করেন। কক্সবাজারে ১৬ হাজার অস্থায়ী বাড়ির নির্মাণ কাজ তদারকির জন্য বেশ কয়েকবার সেখানে তার সফরের উল্লেখ করে আলাবি বলেন, ভাসান চরের জীবনযাত্রার মান স্পষ্টতই বাংলাদেশের গ্রামীণ অঞ্চলের অনেক জায়গা থেকে ভালো হবে।

তিনি জীব-বৈচিত্রের ক্ষতি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির মতো অনেক প্রতিবন্ধকতা সত্ত্বেও কক্সবাজারে ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশ সরকারের নজিরবিহীন ভূমিকার প্রশংসা করেন।

আলাবি বাংলাদেশে তার দায়িত্ব পালনকালে তাকে সহায়তা ও সহযোগিতা প্রদানের জন্য এবং গত দশ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ব্যাপক উন্নয়নের প্রশংসা করেন। সূত্র: বাসস

‘মধ্যপ্রাচ্য থেকে মার্কিনিদের বিতাড়িত করাই হবে আমাদের প্রতিশোধ’

ইরান বলেছে, শহীদ সোলাইমানিকে হত্যার ব্যাপারে সেদেশের কঠোর প্রতিশোধ হবে মধ্যপ্রাচ্য থেকে মার্কিন সেনাদের বিতাড়িত করার জন্য সংগ্রাম করা। তেহরান আরো বলেছে, এ অঞ্চলের দেশগুলোকে আমেরিকার রাষ্ট্রীয় সন্ত্রাসবাদের হাত থেকে মুক্তি দিতে হবে। ইরানের নীতি নির্ধারণী পরিষদের সচিব ও আইআরজিসি’র সাবেক কমান্ডার মোহসেন রেজায়ি শনিবার তেহরানে এক বক্তব্যে এ হুঁশিয়ারি উচ্চারণ করেন।

তিনি বলেন, বাগদাদে জেনারেল সোলাইমানিকে হত্যার বিচার করার পথ সুগম করতে ইরান ও ইরাকের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন আইনজীবীদের সমন্বয়ে একটি যৌথ আইনজীবী কমিশন গঠন করা হয়েছে। তিনি বলেন, “আমরা এ অঞ্চল থেকে আমেরিকাকে বহিষ্কারের জন্য সংগ্রাম করব ঠিকই সেইসঙ্গে শহীদ সোলাইমানি হত্যার বিচারের বিষয়টি নিয়েও ইরান ও ইরাক সরকারকে আইনি পথে সর্বোচ্চ চেষ্টা চালাতে হবে।”

মোহসেন রেজায়ি বলেন, মধ্যপ্রাচ্য থেকে সন্ত্রাসীদের মূলোৎপাটন করে এ অঞ্চলের জনগণের জন্য শান্তিপূর্ণ জীবন উপহার দেয়ার লক্ষ্যে জেনারেল সোলাইমানি নিরলস প্রচেষ্টা চালিয়েছেন। ইরানের এই পদস্থ সামরিক কর্মকর্তা আরো বলেন, যখন উগ্র জঙ্গি গোষ্ঠী দায়েশকে (আইএসকে) কোনো শক্তি বা সরকারের পক্ষে প্রতিরোধ করা সম্ভব হচ্ছিল না তখন জেনারেল সোলাইমানি এই জঙ্গি গোষ্ঠীকে দমন করেন। সূত্র : পার্সটুডে।

উচ্চস্বরে সাউন্ড সিস্টেম

বাজানোর অপরাধে জরিমানা

নিষেধাজ্ঞা অমান্য করে উচ্চস্বরে সাউন্ড সিস্টেম বাজানোর অপরাধে কুষ্টিয়ার ভেড়ামারায় মোঃ শরীফুল ইসলাম নামে একজনকে ২০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শনিবার রাতে উপজেলার ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকায় এ অভিযান চালানো হয়। আদালত পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

দণ্ডপ্রাপ্ত মোঃ শরীফুল ইসলাম ভেড়ামারা উপজেলার ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকার জামাত আলীর ছেলে।

ইউএনও সোহেল মারুফ জানান, ক্ষেমিড়দিয়ারে ভাটাপাড়া এলাকায় বাসার লাইন থেকে বিদ্যুৎ দিয়ে উচ্চস্বরে সাউন্ড সিস্টেম বাজানোর অপরাধে মোঃ শরীফুল ইসলামকে ২০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

এমন অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

দর্শনায় নতুন বই পেয়ে খুশি ছাত্র-ছাত্রীরা

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় নতুন বই পেয়ে ছাত্র-ছাত্রীরা খুশি। তবে আগামী দিন ছেলে মেয়েদের লেখা পড়া কেমন হবে তা নিয়ে ভাবছেন অভিভাবকরা।

এ দিকে বছরে শুরুতেই বই দেওয়ার কথা থাকলেও কোন কোন বিদ্যালয়ে শুক্রবার বই বিতরণ করেননি। তবে বেশ কিছু বিদ্যালয় ঘুরে দেখা যায়, ছাত্র-ছাত্রীরা স্বতর্স্ফূত ভাবে বছরের প্রথম দিনেই বই সংগ্রহ করছে।

গতকাল শনিবার দর্শনা আইডিয়াল স্কুলে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী

পর্যন্ত বই বিতরণ করা হলেও সকল ছাত্র-ছাত্রী পূণার্ঙ্গ বই পাইনি। ফলে অনেক ছাত্র-ছাত্রী মন খারাপ করে চলে যায়। দর্শনা আইডিয়াল স্কুলের সভাপতি উত্তম কুমার দেবনাথের সভাপত্তিতে অভিভাবকদের উপস্থিতিতে বই বিতরণ করা হয়।

এসময় অভিভাবক ইকবাল হোসেন বলেন, কোভিড-১৯ এর ছাত্র-ছাত্রীদের যে গ্যাপটা হয়েছে তা কিভাবে পূরণ করা যায় সে বিষয় শিক্ষদের পরামর্শ দেন।

এছাড়া স্কুলের পরিচালক ইন্টারনেটে ক্লাস করা বা দূরুত্ব বজায় রেখে ক্লাস করা যায় কিনা ভেবে দেখার কথা বলেন। এছাড়া উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেনসহ অন্যান্য অভিভাবক বৃন্দ।

দর্শনায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে

চুয়াডাঙ্গা জেলার দর্শনা চটকাতলায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র পাওয়া যাচ্ছে প্রতিদিন।

গতকাল বিকাল ৩টায় থেকে এ মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য পাওয়া যাচ্ছে।

দর্শনার ভালোবাসার বন্ধন ও সাধারণ মানুষসহ যে কোন বৃত্তশালী ব্যক্তি এ মানবতার দেওয়ালের আলমারিতে ৫০টাকা বা ১০০শত টাকার এককেজি বা দুইকেজি চাউল বা আটা এলাকার দরিদ্র মানুষের জন্য দিতে পারেন।

গতকাল শনিবার বেশ কিছু মানুষ মানবতার দেওয়ালে চাউল, আটা, আলু, ডিম, কাপড় কাঁচা পাউডার, চীপস, ডাউল ও পোষাকসহ নানা ধরনের নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র রেখে দেওয়া হলে এলাকার দরিদ্র মানুষ সেগুলো নিয়ে যাচ্ছে এবং তাদের ক্ষুধা নিবারণ করছে।